"জ্বালানী নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার"

# কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

প্রধান কার্যালয়ঃ ১৩৭/এ, সিডিএ এভিনিউ, ষোলশহর, চট্টগ্রাম।

সূত্র নম্বর: ২৮.১৫.০০০০.২০৮.০৪.০০৩.২৩-১৬৯৪ তারিখ: ২০.০৮.২০২৩

## পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি

গত ২৯.১২.২০২২ তারিখের ২৮.১৫.০০০০.২০৮.০৪.০০৩.২২-১৩১৮ নম্বর স্মারকের মাধ্যমে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির ধারাবাহিকতায় কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (কেজিডিসিএল)-এর রাজস্ব খাতভুক্ত নিম্নলিখিত শূন্য পদসমূহ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে শর্ত সাপেক্ষে নির্ধারিত ছকে অনলাইন-এ (Online) দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্রম | পদের নাম | পদ সংখ্যা | বেতন স্কেল ও গ্রেড (বেতনস্কেল-২০১৫ অনুযায়ী) | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১. | স্টোর কিপার | ৩ (তিন) | ১১,৩০০-২৭,৩০০/- গ্রেড-১২ | স্নাতক ডিগ্রী অথবা ন্যূনতম এইচএসসি পাশসহ সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) বৎসরের অভিজ্ঞতা। |
| ২. | ভান্ডার সহকারী | ১ (এক) | ১১,৩০০-২৭,৩০০/- গ্রেড-১২ | স্নাতক ডিগ্রী অথবা ন্যূনতম এইচএসসি পাশসহ সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) বৎসরের অভিজ্ঞতা। |
| ৩. | পরিবহন সহকারী | ২ (দুই) | ১১,৩০০-২৭,৩০০/- গ্রেড-১২ | স্নাতক ডিগ্রী অথবা ন্যূনতম এইচএসসি পাশসহ সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) বৎসরের অভিজ্ঞতা। |
| ৪. | রাজস্ব সহকারী | ৯ (নয়) | ১১,৩০০-২৭,৩০০/- গ্রেড-১২ | ন্যূনতম এইচএসসি (বাণিজ্য) পাশসহ হিসাব/অডিট/অর্থ বিষয়ে কমপক্ষে ৪ বছরের অভিজ্ঞতা। |
| ৫. | ক্যাশিয়ার | ২ (দুই) | ১১,৩০০-২৭,৩০০/- গ্রেড-১২ | ন্যূনতম এইচএসসি (বাণিজ্য) পাশসহ হিসাব/অডিট/অর্থ বিষয়ে কমপক্ষে ৪ বছরের অভিজ্ঞতা। |
| ৬. | সার্ভেয়ার | ৯ (নয়) | ১১,৩০০-২৭,৩০০/- গ্রেড-১২ | যে কোন স্বীকৃত ইনস্টিটিউট হতে সার্ভে বিষয়ে ডিপ্লোমা।<br>অথবা<br>সার্ভে বিষয়ে কমপক্ষে ৬ মাস মেয়াদি অনুমোদিত সার্টিফিকেট কোর্স পাশ ও প্রয়োজনীয় বৈধ লাইসেন্সসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ২ বৎসর কাজের অভিজ্ঞতা। |
| ৭. | নির্মাণ পরিদর্শক | ২ (দুই) | ১১,৩০০-২৭,৩০০/- গ্রেড-১২ | যে কোন স্বীকৃত ইনস্টিটিউট হতে সিভিল/স্থাপত্য/ইলেক্ট্রিক্যাল/ অটোমোবাইল/মেকানিক্যাল/কম্পিউটার বিষয়ে ডিপ্লোমা।<br>অথবা<br>সিভিল/ স্থাপত্য/ ইলেক্ট্রিক্যাল/ অটোমোবাইল/ মেকানিক্যাল/ কম্পিউটার বিষয়ে কমপক্ষে ৬ মাস মেয়াদি অনুমোদিত সার্টিফিকেট কোর্স পাশ ও প্রয়োজনীয় বৈধ লাইসেন্সসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ২ বৎসর কাজের অভিজ্ঞতা। |
| ৮. | রেডিওগ্রাফার | ১ (এক) | ১১,৩০০-২৭,৩০০/- গ্রেড-১২ | যে কোন স্বীকৃত ইনস্টিটিউট হতে রেডিওলজি/মেকানিক্যাল/ইলেক্ট্রিক্যাল বিষয়ে ডিপ্লোমা।<br>অথবা<br>রেডিওলজি/মেকানিক্যাল/ইলেক্ট্রিক্যাল বিষয়ে কমপক্ষে ৬ মাস মেয়াদি অনুমোদিত সার্টিফিকেট কোর্স পাশ ও প্রয়োজনীয় বৈধ লাইসেন্সসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ২ বৎসর কাজের অভিজ্ঞতা। |
| ৯. | ফোরম্যান | ২ (দুই) | ১১,৩০০-২৭,৩০০/- গ্রেড-১২ | যে কোন স্বীকৃত ইনস্টিটিউট হতে অটোমেকানিক্যাল/ মেকানিক্যাল/ ইলেক্ট্রিক্যাল/ অটোমোবাইল/ কম্পিউটার বিষয়ে ডিপ্লোমা।<br>অথবা<br>অটোমেকানিক্যাল/মেকানিক্যাল/ইলেক্ট্রিক্যাল/ অটোমোবাইল/ কম্পিউটার বিষয়ে কমপক্ষে ৬ মাস মেয়াদি অনুমোদিত সার্টিফিকেট কোর্স পাশ ও প্রয়োজনীয় বৈধ লাইসেন্সসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ২ বৎসর কাজের অভিজ্ঞতা। |

| ক্রম | পদের নাম | পদ সংখ্যা | বেতন স্কেল ও গ্রেড (বেতনস্কেল-২০১৫ অনুযায়ী) | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১০. | জিআইএস অপারেটর | ৪ (চার) | ১১,৩০০-২৭,৩০০/- গ্রেড-১২ | যে কোন স্বীকৃত ইনস্টিটিউট হতে কম্পিউটার/স্থাপত্য/সিভিল বিষয়ে ডিপ্লোমা।<br>অথবা<br>কম্পিউটার/ স্থাপত্য/সিভিল বিষয়ে কমপক্ষে ৬ মাস মেয়াদি অনুমোদিত সার্টিফিকেট কোর্স পাশ ও প্রয়োজনীয় বৈধ লাইসেন্সসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ২ বৎসর কাজের অভিজ্ঞতা। |
| ১১. | চিকিৎসা সহকারী | ১ (এক) | ১১,৩০০-২৭,৩০০/- গ্রেড-১২ | সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বৎসর কাজের অভিজ্ঞতা সমেত যে কোন স্বীকৃত ইনস্টিটিউট হতে ডিপ্লোমা ইন মেডিসিন বা ডিপ্লোমা ইন সার্জারী (ডিএমডিএস) বিষয়ে ৪ (১ বছর ইন্টারর্নশীপসহ) বৎসর মেয়াদি ডিপ্লোমা।<br>অথবা<br>সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বৎসর কাজের অভিজ্ঞতা সমেত যে কোন স্বীকৃত ইনস্টিটিউট হতে ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স বা ডিপ্লোমা ইন মিডওয়াইফারি বিষয়ে ৩ বৎসর মেয়াদি ডিপ্লোমা পাশ বা যে কোন স্বীকৃত মেডিকেল এ্যাসিসটেন্ট ট্রেনিং স্কুল (এমএটিএস) হতে ৩ বৎসর মেয়াদি কোর্স ও ১ বৎসর ইন্টারর্নশীপসহ ডিপ্লোমা। |
| ১২. | বোরিং/বেন্ডিং/কমপ্রেসার অপাঃ কাম মেশিনিস্ট | ১ (এক) | ১০,২০০-২৪,৬৮০/- গ্রেড-১৪ | ন্যূনতম ৮ম শ্রেণি/জেএসসি/সমমান পাশ ও যে কোন স্বীকৃত ইনস্টিটিউট হতে মেকানিক্যাল/অটো-মেকানিক্যাল/ইলেকট্রিক্যাল বিষয়ে কমপক্ষে ৬ মাস মেয়াদি অনুমোদিত ট্রেড/সার্টিফিকেট কোর্সসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ২ বৎসর কাজের অভিজ্ঞতা। |
| ১৩. | জেনারেটর অপারেটর | ২ (দুই) | ১০,২০০-২৪,৬৮০/- গ্রেড-১৪ | ন্যূনতম ৮ম শ্রেণি/জেএসসি/সমমান পাশ ও যে কোন স্বীকৃত ইনস্টিটিউট হতে মেকানিক্যাল/অটো-মেকানিক্যাল/ইলেক্ট্রিক্যাল বিষয়ে কমপক্ষে ৬ মাস মেয়াদি অনুমোদিত ট্রেড/সার্টিফিকেট কোর্সসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ২ বৎসর কাজের অভিজ্ঞতা। |
| ১৪. | ড্রাফটসম্যান | ২ (দুই) | ১০,২০০-২৪,৬৮০/- গ্রেড-১৪ | ন্যূনতম এসএসসি/সমমান পাশ ও যে কোন স্বীকৃত ইনস্টিটিউট হতে সার্ভে/সিভিল/স্থাপত্য বিষয়ে কমপক্ষে ৬ মাস মেয়াদি অনুমোদিত ট্রেড/ সার্টিফিকেট কোর্সসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ২ বৎসর কাজের অভিজ্ঞতা। |
| ১৫. | টেকনিশিয়ান | ৩২ (বত্রিশ) | ১০,২০০-২৪,৬৮০/- গ্রেড-১৪ | যে কোন স্বীকৃত ইনস্টিটিউট হতে সিভিল/ মেকানিক্যাল/ ইলেক্ট্রিক্যাল/ ওয়েল্ডিং/ অটোমোবাইল/ প্লাম্বার বিষয়ে ডিপ্লোমা।<br>অথবা<br>সিভিল/ মেকানিক্যাল/ইলেক্ট্রিক্যাল/ওয়েল্ডিং/অটোমোবাইল/প্লাম্বার বিষয়ে কমপক্ষে ৬ মাস মেয়াদি অনুমোদিত সার্টিফিকেট কোর্স পাশ ও প্রয়োজনীয় বৈধ লাইসেন্সসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ২ বৎসর কাজের অভিজ্ঞতা। |
| ১৬. | ওয়েল্ডিং সুপারভাইজার | ১ (এক) | ১০,২০০-২৪,৬৮০/- গ্রেড-১৪ | যে কোন স্বীকৃত ইনস্টিটিউট হতে মেকানিক্যাল/ওয়েল্ডিং বিষয়ে ডিপ্লোমা।<br>অথবা<br>মেকানিক্যাল বিষয়ে কমপক্ষে ৬ মাস মেয়াদি অনুমোদিত সার্টিফিকেট কোর্স পাশ ও প্রয়োজনীয় বৈধ লাইসেন্সসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ২ বৎসর কাজের অভিজ্ঞতা। |
| ১৭. | প্ল্যান্ট অপারেটর | ১৬ (ষোল) | ১০,২০০-২৪,৬৮০/- গ্রেড-১৪ | ন্যূনতম ৮ম শ্রেণি/জেএসসি/সমমান পাশ এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ১ বৎসর কাজের অভিজ্ঞতা সমেত যে কোন স্বীকৃত ইনস্টিটিউট হতে সংশ্লিষ্ট বিষয়ে কমপক্ষে ৬ মাস মেয়াদি অনুমোদিত ট্রেড/সার্টিফিকেট কোর্স। |

১. আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলীঃ

ক.পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থী http://kgdcl.teletalk.com.bd এই ওয়েবসাইটে অথবা কেজিডিসিএল এর Web Address http://www.kgdcl.gov.bd হতে আবেদনপত্র পূরণ করতে পারবেন। ইতঃপূর্বে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি (সূত্র নম্বর: ২৮.১৫.০০০০.২০৮.০৪.০০৩.২২-১৩১৮ তারিখ: ২৯.১২.২০২২)-এর পরিপ্রেক্ষিতে যারা আবেদন করেছেন, আলোচ্য পুনঃনিয়োগ বিজ্ঞপ্তিতে তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

অনলাইন-এ (Online) আবেদনপত্র পূরণ এবং পরীক্ষার ফি জমাদান শুরু ও শেষ হওয়ার তারিখ ও সময়:

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০৩.০৯.২০২৩ সকাল ১০:০০ ঘটিকা।
(ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ১৭.০৯.২০২৩ বিকাল ০৫:০০ ঘটিকা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০KB হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ উপরোক্ত তালিকার ক্রম ১ হতে ১১-তে বর্ণিত (১২তম গ্রেড) পদসমূহের জন্য ৩০০/- (তিনশত) টাকা এবং ক্রম ১২ হতে ১৭-তে বর্ণিত (১৪তম গ্রেড) পদসমূহের জন্য ২০০/-(দুইশত) টাকা (অফেরতযোগ্য) অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS: KGDCL<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: KGDCL ABCDEF

Reply: Applicant's Name, Tk-200/- will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type KGDCL<Space>Yes<Space>PIN and send to16222.

দ্বিতীয় SMS: KGDCL<space>YES<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: KGDCL YES 12345678

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for KGDCL Application for <Post Name> User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://kgdcl.teletalk.com.bd অথবা KGDCL এর Website: http://kgdcl.gov.bd তে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (রঙ্গিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধু Teletalk Pre-paid Mobile ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

User ID জানা থাকলে KGDCL<space>Help<space>User<space>User ID & Send to16222.
Example: KGDCL HELP USER ABCDEF & Send to16222

PIN Number জানা থাকলে: KGDCL<space>Help<space>PIN<space>PIN No.& Send to 16222
Example: KGDCL HELP PIN 12345678 & Send to 16222

ঝ. Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে যে কোনো টেলিটক মোবাইল নম্বর থেকে 121 নম্বর অথবা vas.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে।

**সাধারণ শর্তাবলী ঃ**

১. প্রার্থীর সর্বনিম্ন বয়স ০৩.০৯.২০২৩ তারিখে ১৮ বছর হতে হবে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের পত্র নং-০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯, তারিখ ২২.০৯.২০২২ অনুযায়ী ২৫.০৩.২০২০ তারিখে প্রার্থীর সর্বোচ্চ বয়স ৩০ বছর এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে ২৫.০৩.২০২০ তারিখে সর্বোচ্চ বয়স ৩২ বছর হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এরূপ প্রার্থীর ক্ষেত্রে বয়স ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে।

২. প্রার্থীদের বয়স প্রমাণের ক্ষেত্রে স্বীকৃত শিক্ষাবোর্ড কর্তৃক প্রদত্ত এসএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেট-এ লিপিবদ্ধ জন্ম তারিখ প্রকৃত জন্ম তারিখ হিসেবে গণ্য করা হবে। "ও" লেভেল এবং "এ" লেভেল ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে জন্ম তারিখ সম্বলিত দালিলিক প্রমাণ জমা দিতে হবে এবং ৮ম শ্রেণি পাশ প্রার্থীদের ক্ষেত্রে বয়স প্রমাণের জন্য এনআইডি কার্ডসহ ৮ম শ্রেণী পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেট-এ লিপিবদ্ধ জন্ম তারিখ প্রকৃত জন্ম তারিখ হিসেবে গণ্য করা হবে। বয়স সংক্রান্ত তারিখের কোন এফিডেভিট (Affidavit) গ্রহণযোগ্য হবে না।

৩. সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতি গ্রহণপূর্বক নির্ধারিত সময়সীমার মধ্যে আবেদন করতে হবে ।

৪. যে সকল প্রার্থী কোন বিদেশী নাগরিককে বিয়ে করেছেন অথবা বিয়ে করতে প্রতিশ্রুতিবদ্ধ হয়েছেন সে সকল প্রার্থী সরকারের লিখিত অনুমতি ব্যতিরেকে আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবেন না।

৫. এ নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান/নির্দেশনা ও কোটা নীতি অনুসরণ করা হবে এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য সরকারি বিধি-বিধান/নির্দেশনা অনুসরণ করা হবে।

৬. অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত/ত্রুটিপূর্ণ আবেদন ফরম এবং চাকুরির বিজ্ঞপ্তিতে প্রকাশিত ন্যূনতম যোগ্যতার সাথে যেমন-বয়স, শিক্ষাগত যোগ্যতা, স্থায়ী ঠিকানা, জাতীয়তা ও কোটা ইত্যাদি যে কোন বিষয়ে অসামঞ্জস্যপূর্ণ তথ্য দ্বারা পূরণকৃত আবেদন নিয়োগের যে কোন পর্যায়ে বাতিল বলে গণ্য হবে। এক্ষেত্রে প্রার্থীর কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

৭. এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে পরীক্ষা গ্রহণ কিংবা প্রার্থীত পদে নিয়োগ প্রদান করতে কর্তৃপক্ষ বাধ্য থাকবে না। কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ যে কোন দরখাস্ত গ্রহণ অথবা বাতিল এবং নিয়োগ কার্যক্রমের আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/বাতিল এবং পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করে। নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৮. কোন প্রার্থী নিয়োগ লাভের পর তার প্রদত্ত কোন তথ্য বা অভিজ্ঞতার সনদ অসত্য বা মিথ্যা বা জাল বলে প্রমাণিত হলে নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৯. নিয়োগের বিষয়ে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

১০. পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি এ/ডিএ প্রদান করা হবে না।

১১. একজন প্রার্থী একটি মাত্র পদে আবেদন করতে পারবেন। কোন প্রার্থী একাধিক পদে আবেদন করলে তার সকল আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে।

১২. কোন ফলাফল প্রত্যাশী (Appeared) প্রার্থী আবেদনের যোগ্য বলে বিবেচিত হবেন না।

১৩. আবেদন ফরম সঠিকভাবে পূরণ ও বিজ্ঞাপনে বর্ণিত শর্তাদি প্রতিপালন করা হলে সংশ্লিষ্ট প্রার্থীগণ লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের সাক্ষাৎকার/মৌখিক/ব্যবহারিক পরীক্ষা গ্রহণকালে Online Application Form এর প্রিন্ট কপি, ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি দাখিল ও সকল সনদের মূল কপি প্রদর্শন এবং নিম্নলিখিত কাগজপত্র/সার্টিফিকেট এর একসেট সত্যায়িত ফটোকপি (অবশ্যই সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে) দাখিল করতে হবে:

ক. সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার (যদি থাকে) সনদ;

খ. প্রার্থীর নিজ ইউনিয়ন পরিষদ-এর চেয়ারম্যান বা পৌরসভা/সিটি কর্পোরেশন-এর মেয়র বা ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রার্থীর নিজ জেলা উল্লেখপূর্বক প্রদত্ত নাগরিকত্ব সনদ;

গ. জাতীয় পরিচয়পত্র অথবা জন্ম নিবন্ধন সনদপত্র (প্রার্থী কর্তৃক চাকুরির আবেদন ফরমে যে তথ্য প্রদান করা হবে);

ঘ. বিদেশী বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রীর ক্ষেত্রে সংশ্লিষ্ট দেশী বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (UGC) হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalent Certificate) এবং "ও" লেভেল "এ" লেভেলে অর্জিত ডিগ্রীর ক্ষেত্রে (UGC) বা শিক্ষা বোর্ড কর্তৃক ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalent Certificate) মৌখিক পরীক্ষার সময় অবশ্যই দাখিল করতে হবে।

ঙ. সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থায় চাকুরিরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র;

চ. কোটা পদ্ধতি অনুসরণের ক্ষেত্রে সর্বশেষ সরকারি নীতিমালা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ছায়ালিপি প্রার্থী কর্তৃক দাখিল করতে হবে।

নিয়োগ সংক্রান্ত সর্বশেষ তথ্যাদি কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড-এর ওয়েবসাইট (http://www.kgdcl.gov.bd), পেট্রোবাংলার ওয়েবসাইট (www.petrobangla.org.bd) এবং টেলিটক বাংলাদেশ লিমিটেড-এর ওয়েবসাইট (http://kgdcl.teletalk.com.bd) এ প্রকাশিত হবে বিধায় চাকুরি প্রার্থীদের সংশ্লিষ্ট Website Visit করতে হবে।

২০/৮/২০২৩

মহাব্যবস্থাপক (প্রশাসন)